গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ)
ফেনী সদর, ফেনী

স্মারক নং-৫১.০১.৩০২৯.০০০.৪২.১০০.২৫-১১৮৫ তারিখ ঃ ১৪.০৫.২০২৫ খ্রি.

বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থবছরে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে অতিদরিদ্র অসহায় ও দুঃস্থ পরিবারের জন্য ইউনিয়নওয়ারী ভিজিএফ খাদ্যশস্য সহায়তা প্রদান।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং-৫১.০১.০০০০.০১৮.২০.০৩৬.২৪-১১৫, তারিখঃ ০৬.০৫.২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের মাধ্যমে প্রাপ্ত বরাদ্দ হতে ২০২৪-২০২৫ অর্থবছরে আসন্ন পবিত্র ঈদ-উল- আযহা উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় পরিপত্র অনুযায়ী অতিদরিদ্র অসহায় ও দুঃস্থ পরিবারের মাঝে বিতরণের নিমিত্তে ফেনী সদর উপজেলার অনুকূলে = ৬,৪৩৫ টি কার্ডের বিপরীতে প্রতি পরিবারকে ১০ (দশ) কেজি হারে সর্বমোট =৬৪.৩৫০ মে.টন চালের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দপত্র অনুযায়ী নিমোক্ত ইউনিয়নের পার্শ্বে বর্ণিত পরিমাণ কার্ডের চাল সংশ্লিষ্ট ইউনিয়নের নামে উপ বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত খাদ্যশস্য নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী উপকারভোগীদের মাঝে বিতরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মোট কার্ডের পরিমাণ | বরাদ্দের পরিমান মে.টন (চাল) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | শর্শদি ইউনিয়ন | ৬৯৯ টি | ৬.৯৯০ মে.টন | ২০/০৫/২০২৫ তারিখের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে |
| ০২ | পাঁচগাছিয়া ইউনিয়ন | ৮১৩ টি | ৮.১৩০ মে.টন | ২০/০৫/২০২৫ তারিখের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে |
| ০৩ | ধর্মপুর ইউনিয়ন | ৫২২ টি | ৫.২২০ মে.টন | ২০/০৫/২০২৫ তারিখের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে |
| ০৪ | কাজিরবাগ ইউনিয়ন | ৪৩৩ টি | ৪.৩৩০ মে.টন | ২১/০৫/২০২৫ তারিখের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে |
| ০৫ | কালিদহ ইউনিয়ন | ৫৮৮ টি | ৫.৮৮০ মে.টন | ২১/০৫/২০২৫ তারিখের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে |
| ০৬ | বালিগাঁও ইউনিয়ন | ৬২৫ টি | ৬.২৫০ মে.টন | ২১/০৫/২০২৫ তারিখের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে |
| ০৭ | ধলিয়া ইউনিয়ন | ৫২৬ টি | ৫.২৬০ মে.টন | ২২/০৫/২০২৫ তারিখের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে |
| ০৮ | লেমুয়া ইউনিয়ন | ৩৮৭ টি | ৩.৮৭০ মে.টন | ২২/০৫/২০২৫ তারিখের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে |
| ০৯ | ছনুয়া ইউনিয়ন | ৪০৯ টি | ৪.০৯০ মে.টন | ২২/০৫/২০২৫ তারিখের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে |
| ১০ | মোটবী ইউনিয়ন | ৪৭২ টি | ৪.৭২০ মে.টন | ২৫/০৫/২০২৫ তারিখের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে |
| ১১ | ফাজিলপুর ইউনিয়ন | ৫৬১ টি | ৫.৬১০ মে.টন | ২৫/০৫/২০২৫ তারিখের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে |
| ১২ | ফরহাদনগর ইউনিয়ন | ৪০০ টি | ৪.০০০ মে.টন | ২৫/০৫/২০২৫ তারিখের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে |
| | মোট = | ৬,৪৩৫ টি কার্ড | ৬৪.৩৫০ মে.টন চাল | - |

১। ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ করতে হবে:

ক. আদমশুমারী ২০২২ এর জনসংখ্যা অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ডিজিএফ কার্ড সংখ্যা পুন: বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে www.bbs.gov.bd ওয়েবসাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।

খ. দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি / পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দুঃস্থ/অতিদরিদ্র পরিবারকে অগ্রাধিকার দিতে হবে।

গ. নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দুঃস্থ/অতিদরিদ্র বলে গন্য হবে।

১। যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
২। যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল ।
৩। যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
৪। যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণ বয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
৫। যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
৬। যে পরিবারে উপার্জনশীল কোন সম্পদ নেই।
৭। যে পরিবারের প্রধান স্বামী পরিত্যাক্তা, বিচ্ছিন্ন বা তালাক প্রাপ্তা মহিলা।
৮। যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা।
৯। যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী।

১০। যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
১১। যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
১২। যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায় না।

ঘ. ইউনিয়ন/পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।

২। মুঞ্জরিকৃত চাল নিম্নবর্ণিত শর্তাদি পালনপূর্বক বিলিবন্টন করতে হবে।

ক। ভিজিএফ উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারে একাধিক ব্যক্তি ভিজিএফ বরাদ্দ না পায়।
খ। উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে কমপক্ষে ৭০% মহিলাকে অন্তভুক্তি নিশ্চিত করতে হবে ।
গ। উপকারভোগীর তালিকা ইউনিয়নের ওয়েব সাইটে দিতে হবে।

(সুলতানা নাসরিন কান্তা)
উপজেলা নির্বাহী অফিসার
ফেনী সদর, ফেনী

প্রাপকঃ ০১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেনী সদর, ফেনী।
২। প্রশাসক.......................... ফেনী সদর, ফেনী। (অত্রাফিসে তালিকা জমা পূর্বক অনুমোদিত তালিকা ব্যতিত এবং নিজ নিজ ইউনিয়নের ট্যাগ অফিসারের উপস্থিতি ছাড়া ভিজিএফ এর খাদ্যশস্য বিতরণ করা যাবে না।

স্মারক নং-৫১.০১.৩০২৯.০০০.৪২.১০০.২৫-১১৮৫ — তারিখ ঃ ১৪.০৫.২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
১। জেলা প্রশাসক, ফেনী ।
২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ফেনী।
৩। ট্যাগ অফিসার........................................ ইউনিয়ন। (তাঁকে উপরোক্ত নির্ধারিত তারিখ ও সময়সূচি মোতাবেক সংশিষ্ট বিতরণ কেন্দ্রে উপস্থিত হয়ে সুষ্ঠু বন্টন কার্যক্রম নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।)
৪। অফিস কপি।

(মোঃ শাহাদাৎ হোসেন ভূঞা)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ফেনী সদর, ফেনী